

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

প্রবিধি অনুবিভাগ

প্রবিধি -৩ অধিশাখা

website: www.mof.gov.bd

১০/০২/১৪ ২৩ বঙ্গাব্দ

নং-০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫-৩৮

তারিখঃ-----

২৪/০৫/২০১৬ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরি হার পুনঃনির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ে কাজের ধরন বিবেচনায় ইতঃপূর্বে যে সকল কার্যালয়ের জন্য কেইস টু কেইস ভিত্তিতে অর্থ বিভাগ কর্তৃক দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার নির্ধারণ করা হয়েছিল সেসব কার্যালয়ের জন্য নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার পুনঃনির্ধারণ করা হলোঃ

ক্রঃ নং	দণ্ডরের অবস্থান	দৈনিক মজুরির হার
১।	ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন	৫০০/- (পাঁচশত) টাকা (নিয়মিত দক্ষ শ্রমিক) ৪৭৫/- (চারশত পঁচাত্তর) টাকা (অনিয়মিত অদক্ষ শ্রমিক)
২।	বিভাগীয় শহর এবং অন্যান্য সিটি কর্পোরেশন	৫০০/- (পাঁচশত) টাকা (নিয়মিত দক্ষ শ্রমিক) ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা (অনিয়মিত অদক্ষ শ্রমিক)
৩।	জেলা ও উপজেলা এলাকা	৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা (নিয়মিত দক্ষ শ্রমিক) ৪০০/- (চারশত) টাকা (অনিয়মিত অদক্ষ শ্রমিক)

শর্তবলিঃ

- ১। শ্রমিকের সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে;
- ২। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দণ্ডর/সংস্থার নিজস্ব বাজেট বরাদ্দ থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে। এ খাতে অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবেনা;
- ৩। উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না;
- ৪। অর্থ বিভাগ কর্তৃক কেইস টু কেইস ভিত্তিতে ইতঃপূর্বে যেসব দণ্ডরের বিপরীতে দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার নির্ধারণ করা হয়েছিল এ পুনঃনির্ধারিত হার শুধু সেসব দণ্ডরের জন্য প্রযোজ্য হবে;
- ৫। এবিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দারী থাকবে;
- ৬। এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং
- ৭। এ হার আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।


(মোঃগোলাম মোস্তফা)

উপ-সচিব

ফোনঃ ৯৫১৪৪৮৭

ই-মেইলঃ gmostafa@finance.gov.bd

বিতরণ:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
(তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ----- মন্ত্রণালয়/বিভাগ(তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট দণ্ডর সমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
- ৪। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
- ৫। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সচিব, অর্থ বিভাগ মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে অফিস স্মারকটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
- ৮। অফিস কপি।